দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 01 1999 ...
পৃঃ ... কলাম ...

16

# সুকৌশলে ক্রমান্বয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধের লক্ষ্যে '৯৭ সালের নীতিমালা প্রণয়ন করা হয়েছে

## —জমিয়াতুল মোদারেছীন

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ১৯৯৭ সালে জারিকৃত যে নীতিমালার ভিত্তিতে সরকার ২৫১টি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিল করেছে অবিলম্বে উক্ত নীতিমালা প্রত্যাহার করে ক্ষতিগ্রস্ত মাদ্রাসাসমূহের স্বীকৃতি পুনর্বহাল ও এমপিও চালু করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানিয়েছেন। গতকাল (৩১ আগস্ট) মহাখালীস্থ বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক পরামর্শ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এ দাবী জানান হয়। নেতৃবৃন্দ বলেন, সুকৌশলে ক্রমান্বয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধের লক্ষ্যে ১৯৯৭ সালের নীতিমালা প্রণয়ন করা হয়েছে। ঐ নীতিমালার শর্ত পূরণ করা দেশের ৯৯% মাদ্রাসার পক্ষেই সম্ভব নয়। কাজেই শর্ত পূরণের মুচলেকা গ্রহণ করে স্বীকৃতি প্রত্যাহার বা এমপিও চালু করার মত যে কোন উদ্যোগ বিভ্রান্তিকর।

জমিয়ত নেতৃবৃন্দ সংযুক্ত ইবতেদায়ী মাদ্রাসার ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসাসমূহের জন্য বেতন ও সুযোগ-সুবিধা প্রদানের দাবী জানান। নেতৃবৃন্দ ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ শুধুমাত্র মহিলা মাদ্রাসাসমূহের জন্য প্রযোজ্য বলে সরকারী ঘোষণা প্রদানের দাবী জানান।

পরামর্শ সভায় যারা যোগদান করেছেন তারা হলেন মাওলানা এম, এ, ছালাম, সিনিয়র সহ-সভাপতি; মাওলানা এম, এ, লতিফ, মহাসচিব; মাওলানা রূহুল আমীন খান, যুগ্ম মহাসচিব; মাওলানা আবদুর রহমান বেলাসী, যুগ্ম মহাসচিব; মাওলানা মুহাঃ ইউনুস, সভাপতি মহানগরী; মাওলানা যাইনুল আবেদীন, মাওলানা শাব্বির আহমদ মোমতজী, মাওলানা শামছুল হক, মাওলানা সফিউদ্দিন ভূঞা, মাওলানা কাফীলুদ্দীন সরকার, মাওলানা আবদুল বাতেন, মাওলানা গিয়াস উদ্দিন, মাওলানা মাছুম বিল্লাহ, মাওলানা আনছার উদ্দিন সরদার, মাওলানা আবদুল মজিদ, মাওলানা আবদুল মাজেদ প্রমুখ।